গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
জয়পুরহাট
(রাজস্ব শাখা)
www.joypurhat.gov.bd

**ভূ-সম্পত্তি জবর দখলের অভিযোগ গ্রহণ এবং তদন্ত সংক্রান্ত কার্যক্রম বিষয়ে জেলা মনিটরিং কমিটির এপ্রিল/২০২৩ মাসের মাসিক সভার কার্যবিবরণী:**

সভাপতি : সালেহীন তানভীর গাজী
জেলা প্রশাসক, জয়পুরহাট
স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ
তারিখ : ২৭/০৪/২০২৩
সময় : বেলা ১২.১৫ টা

(সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট ''ক'' উপস্থিত প্রতিনিধিবৃন্দের তালিকা "খ" এবং অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট ''গ '' তে সংযোজিত):

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) মার্চ/২০২৩ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করেন। কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। এরপর আলোচ্যসূচি মোতাবেক নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| জয়পুরহাট জেলাধীন অবৈধ দখলে থাকা সরকারি দপ্তরের সম্পত্তির বিষয়ে সভায় আলোচনা করা হয়। সভায় উপস্থিত দপ্তর প্রধানগণের মধ্যে (১) ব্যবস্থাপনা পরিচালক, জয়পুরহাট সুগার মিলস্ লিমিটেড, জয়পুরহাট এর প্রতিনিধি সভায় জানান জয়পুরহাট সুগার মিলস্ এর ১.২৩ একর জমিতে মার্কেট তৈরীর জন্য বিএসএফআইসি, সদর দপ্তরে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। উক্ত জমির পাশে জয়পুরহাট পৌরসভার মেয়র রেলওয়ের জমিতে সদ্য একটি মার্কেট তৈরী করেছেন। মার্কেটে আসা-যাওয়ার জন্য মিলের জমির মাঝ দিয়ে ২৪/০৩/২০২৩ তারিখ শুক্রবার মেয়র নিজে উপস্থিত থেকে ৮X৩০ ফিট রাস্তা তৈরী করেছেন। রাস্তা তৈরীর সময় মিলের নিরাপত্তা প্রহরী ও হাবিলদার বাধা দিলেও কাজ হয়নি। ইতোপূর্বে জয়পুরহাট পৌরসভার কমিশনার ডাক বাংলো যাওয়ার রাস্তা এবং রেলওয়ের পাশে অত্র মিলের জমি জবর দখল করে ৫০X২০ ফিট রুম তৈরী করেছেন। প্রতিনিয়ত স্থানীয় জনপ্রতিনিধিরা মিলের জমি জবর দখল করার চেষ্টা করছেন। এতে করে সরকারি সম্পত্তি বেদখল হচ্ছে। জয়পুরহাট চিনিকল একটি রাষ্ট্রীয় প্রতিষ্ঠান। রাষ্ট্রীয় সম্পত্তি বেদখল হওয়ার হাত থেকে রক্ষা এবং বেদখল হওয়া জমি উদ্ধার করার জন্য সকলের সহযোগিতা কামনা করছি।<br><br>(২)নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জয়পুরহাট সভায় জানান (ক) রশিদা পিতা-আব্দুল মালেক (খ) সাইফুল ইসলাম পিতা-নবির মন্ডল উভয়ের গ্রাম- দানেজপুর, উপজেলা- পাঁচবিবি জেলা- জয়পুরহাট পাঁচবিবি-শালাইপুর এলজিইডি সড়কের চেইনেজ ৯৮৩ মিটারে দানেজপুর এলাকায় পাঁচবিবি ডিগ্রী কলেজের উত্তর পার্শ্বে রাস্তার উপর অবৈধভাবে দোকান ঘর স্থাপন করেছেন। যার কারণে এলাকার জনগণসহ পার্শ্ববর্তী জায়গার মালিক আবুল কালাম মন্ডল পিতা- মৃত আবুল হোসেন বীরনগর, পাঁচবিবি এর জায়গায় চলাচলের প্রতিবন্ধকতার সৃষ্টি হয়েছে।<br>এমতাবস্থায়, পাঁচবিবি-শালাইপুর এলজিইডি সড়কের চেইনেজ ৯৮৩ মিটারে দানেজপুর এলাকায় পাঁচবিবি ডিগ্রী | ১। সরকারি প্রতিষ্ঠানের জমি অবৈধ দখলে থাকলে তা উচ্ছেদের জন্য নালীশি স্থানের মালিকানা সংক্রান্ত তথ্য/খতিয়ানের কপি, অবৈধ দখলকৃত স্থানের স্থাপনার স্কেচ ম্যাপ/হাত নকশা এবং প্রাথমিকভাবে অবৈধ দখলদার উচ্ছেদ সংক্রান্ত নোটিশসহ বিধি মোতাবেক প্রস্তাব প্রেরণ করতে হবে। | ১। সকল দপ্তর প্রধান, জয়পুরহাট<br>২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), জয়পুরহাট<br>৩। ব্যবস্থাপনা পরিচালক, জয়পুরহাট সুগার মিলস্ লিমিটেড, জয়পুরহাট<br>৪। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জয়পুরহাট<br>৫। উপজেলা নির্বাহী অফিসার (সকল), জয়পুরহাট<br>৬। সহকারী কমিশনার (ভূমি), (সকল), জয়পুরহাট<br>৭। উপপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, জয়পুরহাট |

| | | |
|---|---|---|
| কলেজের উত্তর পার্শ্বে স্থাপিত রাস্তার উপর অবৈধ দোকান ঘর অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সভায় অনুরোধ করছি।<br>(৩) উপপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, জয়পুরহাট এর ১৭/০৪/২০২৩ তারিখের ৩৪.০১.৩৮০০.০০১.১৬.০৪.২১-৪৫০ নং স্মারকে প্রাপ্ত পত্রে উল্লিখিত বিষয়ে যুব উন্নয়ন অধিদপ্তর, জয়পুরহাট এর প্রতিনিধি সভায় জানান যুব উন্নয়ন অধিদপ্তরের বেজমেন্ট এর জন্য ৩ ফুট জায়গা সংরক্ষণপূর্বক সীমানা প্রাচীর নির্মাণ করা হয়েছিল। প্রাচীরের পশ্চিম পার্শ্বের জমির মালিক (ক) জনাব মোঃ আনোয়ার মন্ডল (২) জনাব আলহাজ্ব ফিরোজ হোসেন উভয়ের পিতা সোলায়মান আলী গ্রাম- রহিমপুর ডাক- মিঠাপুর, বদলগাছী, নওগাঁ উক্ত ছেড়ে দেওয়া ৩ ফুট জায়গা অবৈধভাবে দখল করে প্রচীর নির্মাণ করেছেন। উক্ত জায়গা উদ্ধারের জন্য অনুরোধ করা হয়েছে। যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক নোটিশ প্রদান করা হয়েছে কিন্তু নির্ধারিত স্থানের তফশিল এবং হাত নকশা নেই। ব্যবস্থাপনা পরিচালক, জয়পুরহাট,সুগার মিলস্ লিমিটেড, জয়পুরহাট ও নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জয়পুরহাট নালীশি স্থান উদ্ধারের জন্য প্রাথমিকভাবে অবৈধ দখলদার উচ্ছেদ সংক্রান্ত নোটিশ প্রদান করা হয়েছে কি না তার কোন তথ্য নেই (খ) অবৈধ দখলকৃত স্থানের মালিকানা সংক্রান্ত তথ্য নেই এবং (গ) অবৈধ দখলকৃত স্থানের স্থাপনার স্কেচ ম্যাপ নেই। এ ০৩ (তিন)টি বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | | |
| ২। সরকারি স্বার্থ রক্ষায় অবৈধ দখলে থাকা খাস জমির তথ্য সংগ্রহ করে উচ্ছেদের ব্যবস্থা গ্রহণের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ২। সহকারী কমিশনার (ভূমি)গণ খাস জমি অবৈধ দখলে রয়েছে কি না সে বিষয়ে প্রতিবেদন প্রেরণ করবেন এবং অবৈধ দখল উচ্ছেদের প্রয়োজনীয় ব্যবস্থা করবেন। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), জয়পুরহাট<br>২। সহকারী কমিশনার (ভূমি) (সকল), জয়পুরহাট |
| ৩। প্রতিটি উপজেলায় নিয়মিতভাবে অবৈধ দখলে থাকা জমি ও স্থাপনা চিহ্নিত করে প্রতিমাসে উচ্ছেদ কার্যক্রম চলমান রাখা এবং নোটিশ প্রদানসহ উচ্ছেদকৃত/ক্ষতিগ্রস্ত দরিদ্র ব্যক্তিকে পুনর্বাসন করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ৩। প্রতিটি উপজেলায় নিয়মিতভাবে অবৈধ দখলে থাকা জমি ও স্থাপনা চিহ্নিত করে প্রতিমাসে উচ্ছেদ কার্যক্রম চলমান রাখতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), জয়পুরহাট<br>২। সহকারী কমিশনার (ভূমি) (সকল), জয়পুরহাট |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(স্বাক্ষর) ৯/৫/২৩

(সালেহীন তানভীর গাজী)
জেলা প্রশাসক
ও
সভাপতি
ভূ-সম্পত্তি জবর দখলের অভিযোগ গ্রহণ এবং
তদন্ত সংক্রান্ত কার্যক্রম মনিটরিং কমিটি
জয়পুরহাট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
জয়পুরহাট
( রাজস্ব শাখা )
www.joypurhat.gov.bd

স্মারক নং- ৩১.৪৩.৩৮০০.০২০.০২.০১০.২০- ৬০৭

তারিখঃ ২৮ বৈশাখ ১৪৩০ / ১১ মে ২০২৩

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কাযার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।
০৪। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
০৫। পুলিশ সুপার, জয়পুরহাট।
০৬। বিভাগীয় বন কর্মকর্তা, বগুড়া।
০৭। উপজেলা নির্বাহী অফিসার,জয়পুরহাট সদর/পাঁচবিবি/আক্কেলপুর/কালাই/ক্ষেতলাল, জয়পুরহাট।
০৮। -----------------------------------------------------------------------------------------, জয়পুরহাট।
০৯। সহকারী কমিশনার (ভূমি), জয়পুরহাট সদর/পাঁচবিবি/আক্কেলপুর/কালাই/ক্ষেতলাল, জয়পুরহাট।
১০। সহকরী কমিশনার (আইসিটি)(ওয়েব পোর্টালে প্রকাশের জন্য)।
১১। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ..................................................(সকল), জয়পুরহাট।

(মোঃ মহিউদ্দিন জাহাঙ্গীর)
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)
ও
সদস্য সচিব
ভূ-সম্পত্তি জবর দখলের অভিযোগ গ্রহণ এবং তদন্ত সংক্রান্ত
কার্যক্রম মনিটরিং কমিটি
জয়পুরহাট
ফোন: ০২৫৮৯৯৫০৫৭
adcrevenuejoypurhat@gmail.com

**ভূ-সম্পত্তি জবর দখলের অভিযোগ গ্রহণ এবং তদন্ত সংক্রান্ত কার্যক্রম বিষয়ে জেলা মনিটরিং কমিটির এপ্রিল/২০২৩ মাসের অনুষ্ঠিত মাসিক সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা। ( জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)**

উপস্থিত সদস্যবৃন্দঃ- পরিশিষ্ট ''ক''

০১ অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), জয়পুরহাট
০২ উপজেলা নির্বাহী অফিসার, জয়পুরহাট সদর, জয়পুরহাট
০৩ উপজেলা নির্বাহী অফিসার, পাঁচবিবি, জয়পুরহাট
০৪ উপজেলা নির্বাহী অফিসার, আক্কেলপুর, জয়পুরহাট
০৫ উপজেলা নির্বাহী অফিসার, ক্ষেতলাল, জয়পুরহাট
০৬ রেভিনিউ ডেপুটি কালেক্টর, জয়পুরহাট
০৭ উপ-বিভাগীয় প্রকৌশলী পানি উন্নয়ন বোর্ড জয়পুরহাট
০৮ জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জয়পুরহাট
০৯ নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, জয়পুরহাট
১০ ব্যবস্থাপনা পরিচালক চিনিকল, জয়পুরহাট

উপস্থিত প্রতিনিধিবৃন্দঃ- পরিশিষ্ট ''খ''

০১
০২ সিভিল সার্জন, জয়পুরহাট
০৩ নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ, জয়পুরহাট
০৪ উপজেলা নির্বাহী অফিসার, কালাই, জয়পুরহাট
০৫ নির্বাহী প্রকৌশলী এজিইডি, জয়পুরহাট

অনুপস্থিত সদস্যবৃন্দঃ- ( অনুমতি ব্যাতীত) পরিশিষ্ট ''গ''

০১ পুলিশ সুপার, জয়পুরহাট
০২ জেলা শিক্ষা অফিসার, জয়পুরহাট
০৩ প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, জয়পুরহাট।
০৪ বিভাগীয় বন কর্মকর্তা, জয়পুরহাট